



সম্প্রসারণ বার্তা



মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ □ ৪৫তম বর্ষ □ নবম সংখ্যা □ পৌষ-১৪২৮, ডিসেম্বর-জানুয়ারি, ২০২২ □ পৃষ্ঠা ৮

মাননীয় প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী পদক্ষেপে বাংলাদেশ ...

২

ভর্তুকি দেয়ায় দ্রুত কৃষি যান্ত্রিকীকরণ হচ্ছে ...

৩

বরিশালে কৃষকের মাঝে নগদ অর্থসহ আইসিটি ...

৪

এসডিজি বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত ...

৫

কেউ না খেয়ে থাকে না এটিই ৫০ বছরের সবচেয়ে বড় অর্জন : মাননীয় কৃষিমন্ত্রী



কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে মুজিব শতবর্ষে বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

তলাবিহীন বুড়ির বাংলাদেশ আজ খাদ্যে পরিপূর্ণ এবং দেশে কেউ না খেয়ে থাকে না-বিজয়ের ৫০ বছরে এটিই সবচেয়ে বড় অর্জন বলে মন্তব্য করেছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, বাংলাদেশ খাদ্য ঘাটতির দেশ হিসাবে পরিচিত ছিল। স্বাধীনতার পর ৭ কোটি মানুষের জন্য পর্যাপ্ত খাবার ছিল না। আর এখন প্রায় ১৭ কোটি মানুষের দেশে খাদ্যের কোন ঘাটতি নেই। ঢাকায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ মিলনায়তনে ২২ ডিসেম্বর ২০২১ বুধবার বিকেল মুজিব শতবর্ষে বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে কৃষি মন্ত্রণালয় আয়োজিত আলোচনা সভা ও নাট্যাৱুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

ব্রি়র ধান কাটার যন্ত্র উদ্ভাবন কৃষি যান্ত্রিকীকরণে বিপ্লব ঘটাবে : মাননীয় কৃষিমন্ত্রী



কৃষি মন্ত্রণালয় আয়োজিত মন্ত্রণালয়ের বার্ষিক পুনর্মিলনীতে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

দেশের জমিতে ব্যবহারের সবচেয়ে উপযোগী ও সুলভ মূল্যের ধান কাটার যন্ত্র-কম্বাইন হারভেস্টার উদ্ভাবন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি)

বিজ্ঞানীরা। গাজীপুরে ব্রি এর চত্বরে ৩১ ডিসেম্বর ২০২১ শুক্রবার সকালে কম্বাইন হারভেস্টারটির কার্যক্রম পরিদর্শন করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি।

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

কৃষি ও খাদ্য নিরাপত্তা শীর্ষক সপ্তম ডি-৮ কৃষিমন্ত্রী পর্যায়ের সভা অনুষ্ঠিত



ঢাকায় বিএআরসি মিলনায়তনে কৃষি ও খাদ্য নিরাপত্তা শীর্ষক সপ্তম ডি-৮ কৃষিমন্ত্রী পর্যায়ের ভারুয়ালি সভায় সভাপতিত্ব করেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

ঢাকায় দুই দিনব্যাপী 'কৃষি ও খাদ্য নিরাপত্তা' শীর্ষক সপ্তম ডি-৮ কৃষিমন্ত্রী পর্যায়ের সভা শুরু হয়েছে (7th D-8 Ministerial meeting on Agriculture and Food Security)। ১২

জানুয়ারি ২০২২ কৃষি মন্ত্রণালয় ভারুয়ালি বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলে (বিএআরসি) এ সভার আয়োজন করেছে।

প্রথম দিনের সচিব ও উচ্চপর্যায়ের

এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলায় বিএসআর আই আখ-৪১ এর ক্রপকাটিং ও মাঠ দিবস

রোগতন্ত্র বিভাগ, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট (বিএসআর-আই) এর উদ্যোগে এবং কেজিএফ এর অর্থায়নে পরিচালিত Piloting on “Productivity Enhancement of Goor and Chewing type Sugarcane through Management of Major Diseases” শীর্ষক প্রকল্পের আওতায় মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার বায়রা ইউনিয়নের চারাভাঙ্গা গ্রামে স্থাপিত বিএসআরআই আখ-৪১ জাতের একটি প্রত্যায়িত বীজ প্লটের “ক্রপকাটিং ও মাঠ দিবস” ২১ ডিসেম্বর ২০২১ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে

উৎপাদনে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান এবং এ ব্যাপারে সব ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন।

উল্লেখ্য, এসআরআই আখ-৪১ (অমৃত) জাতটি উচ্চমানসম্পন্ন গুড় তৈরির জন্য ভালো এবং খরাসহিষ্ণু। ১০০ কেজি রস থেকে ১০ কেজি গুড় পাওয়া যায়। কৃষক মোঃ শামসুল হকের আখের প্রত্যায়িত বীজ প্লট কর্তন করে গড় ফলন পাওয়া গেছে হেক্টরপ্রতি ৯৫.৩১ টন।

জনাব ড. মো. শামসুর রহমান, মুখ্য



মানিকগঞ্জের সিঙ্গাইর উপজেলার বায়রা ইউনিয়নের চারাভাঙ্গা গ্রামে স্থাপিত বিএসআরআই আখ-৪১ জাতের একটি প্রত্যায়িত বীজ প্লটের ক্রপকাটিং ও মাঠ দিবসে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

উপস্থিত ছিলেন জনাব খন্দকার আব্দুল ওয়াহেদ, পরিচালক, ক্রপস উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

প্রধান অতিথি বক্তব্যে বলেন, আখের নতুন জাত বিএসআরআই আখ-৪১ (অমৃত) জাতটি মাঠ পর্যায়ে প্রদর্শনীর মাধ্যমে সফল হয়েছে বাংলাদেশ সুগার ক্রপ গবেষণা ইনস্টিটিউট। প্রাকৃতিক দুর্যোগের সমস্যার কারণে ফসল ঘরে তুলতে পারে না সেখানে আখ বন্যাসহিষ্ণু এবং তৃণজাতীয় উদ্ভিদ, যা প্রায় ১২-১৫ ফুট হওয়ায় এসব নৈমিত্তিক প্রাকৃতিক সমস্যা মোকাবিলা করতে সক্ষম। তিনি আখ

বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক, মাঠ দিবস অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোস্তাফিজুর রহমান, অতিরিক্ত পরিচালক, দানাদার ও তেল ফসল, ড. সুরজিত সাহা রায়, প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা, মো. এনায়েত উল্লাহ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ প্রমুখ। এ ছাড়াও উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সকলপর্যায়ের কর্মকর্তা, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের কর্মকর্তা এবং কৃষক-কৃষানি।

অপরূপা বড়ুয়া, কৃতসা, ঢাকা

মাননীয় প্রধানমন্ত্রীর সুদূরপ্রসারী পদক্ষেপে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে



কৃষক সমাবেশে বক্তব্য রাখছেন প্রধান অতিথি জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়

কৃষিবান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুদূরপ্রসারী পদক্ষেপ ও নির্দেশনায় বাংলাদেশ আজ উন্নত দেশের দিকে এগিয়ে যাচ্ছে। কৃষি বিভাগের সফলতার জন্যই এটি সম্ভব হয়েছে। এ ধারাকে অব্যাহত রাখতে সবাইকে এক হয়ে কাজ করতে হবে বলে উল্লেখ করেন প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ হাসানুজ্জামান কল্লোল। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নড়াইল সদর কর্তৃক আয়োজিত ২০২১-২২ অর্থবছরে কন্দাল ফসল উন্নয়ন

প্রকল্প এর আওতায় ২৬ ডিসেম্বর ২০২১ গোপালপুর গ্রামে গাছআলু এর উপর কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। এ সময় তিনি আরও বলেন, কৃষকদের আর্থিক সক্ষমতা বাড়াতে দানা ফসলের পাশাপাশি উচ্চমূল্যের কন্দাল ফসল, শাকসবজি, মাল্টা, কফি, কাজুবাদাম চাষ বাড়াতে হবে।

যাচ্ছে। কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে শ্রমিক খরচ ও সময় বাঁচিয়ে উন্নয়ন-মুখী বিভিন্ন কাজে পরিবারের সকল সদস্যদের সম্পৃক্ততা বাড়াতে উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নড়াইলের উপপরিচালক কৃষিবিদ দীপক কুমার রায় এতে সভাপতিত্ব করেন। জেলা প্রশিক্ষণ কর্মকর্তা কৃষিবিদ মোঃ আবদুল্লাহ আল-মামুনের সঞ্চলনায় অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসার নড়াইল সদর কৃষিবিদ মোঃ জাহিদুল ইসলাম বিশ্বাস, উপজেলা কৃষি অফিসার লোহাগড়া কৃষিবিদ

মোঃ রইচ উদ্দিন, কৃষি সম্প্রসারণ অফিসার, উপসহকারী কৃষি কর্মকর্তা, প্রিন্ট মি ডি য়া স হ শতাধিক কৃষক-কৃষানি উপস্থিত ছিলেন। এর আগে অতিরিক্ত সচিব মহোদয় জেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন করেন।

মোঃ গোলাম আরিফ, কৃতসা, খুলনা

কৃষকদের আর্থিক সক্ষমতা বাড়াতে দানা ফসলের পাশাপাশি উচ্চমূল্যের কন্দাল ফসল, শাকসবজি, মাল্টা, কফি, কাজুবাদাম চাষ বাড়াতে হবে।

কৃষি পণ্য বেচাকেনায় সরকারি অ্যাপ ‘সদাই’ ডাউনলোড করা যাবে গুগল প্লে স্টোর থেকে।



শোকবার্তা

কৃষি তথ্য সার্ভিসের পেইন্টার সরওয়ারে আলম মজনু চিকিৎসাধীন অবস্থায় ৩ জানুয়ারি ২০২২ মৃত্যুবরণ করেন। ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তাঁর বিদেহী আত্মার মাগফিরাত কামনা ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি জানাই গভীর সমবেদনা।

মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণে সারা বিশ্ব বাংলাদেশকে জানতে পারছে



কৃষক-কৃষানী প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়

সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব হাসানুজ্জামান কল্লোল বলেছেন, জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নির্দেশনায় করোনাকালে জাতীয় প্রবৃদ্ধিতে আমরা ভারত ও পাকিস্তান থেকে অনেক এগিয়ে গেছি। সারা বিশ্ব এখন মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণে বাংলাদেশকে জানতে পারছে। বঙ্গবন্ধুর এ পুণ্যভূমিতে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী এক ইঞ্চি জমিও অনাবাদি রাখা যাবে না। ভাসমান বেডে সবজি চাষ আরও অধিক পরিমাণে বাড়িয়ে মাননীয় প্রধানমন্ত্রীর

এ ঘোষণাকে আমাদের বাস্তবায়ন করতে হবে। তিনি ২৪ ডিসেম্বর ২০২১ দুপুরে গোপালগঞ্জের টুঙ্গীপাড়ায় উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজিত ২০২১-২২ অর্থবছরের ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা সম্প্রসারণ ও জনপ্রিয়করণ শীর্ষক প্রকল্পের আওতায় ভাসমান বেডে পেঁয়াজ ও হলুদ জাতীয় ফসল উৎপাদন প্রযুক্তি বিষয়ক এক প্রশিক্ষণে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

অতিরিক্ত সচিব আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী আমাদের স্বপ্ন দেখিয়েছেন ২০৪১ সালের মধ্যে

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

পুষ্টি কর্নার : কমলা

কমলা আমিষ ও ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রাম কমলায় জলীয় অংশ ৮৯.৪ গ্রাম, খনিজ পদার্থ ০.১ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.৩ গ্রাম, খাদ্যশক্তি ৪৩ কিলোক্যালরি, আমিষ ০.৭ গ্রাম, চর্বি ০.১ গ্রাম, শর্করা ৯.৭ গ্রাম, ক্যালসিয়াম ২২



মিলিগ্রাম, লৌহ ০.৩ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০৪ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০১ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ৪০ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। কমলা সর্দিজ্বর নিরাময়ে উপকারী। কমলার জনপ্রিয় জাত হলো খাসিয়া, নাগপুরী, মোসাম্বি, বারি কমলা-১, বারি কমলা-২, বারি কমলা-৩। সিলেট, পার্বত্য চট্টগ্রাম, মৌলভীবাজার ও পঞ্চগড় এলাকায় কমলার চাষ হয়।

সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা

ভর্তুকি দেয়ায় দ্রুত কৃষি যান্ত্রিকীকরণ হচ্ছে : মাননীয় কৃষিমন্ত্রী



অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী যান্ত্রিকীকরণ ত্বরান্বিত করতে লীগের প্রেসিডিয়াম সদস্য ড. কৃষকদেরকে ৫০-৭০% ভর্তুকিতে কৃষি যন্ত্রপাতি দিচ্ছে। এই ভর্তুকি বা মোঃ আব্দুর রাজ্জাক এমপি কৃষি যন্ত্রপাতি দিচ্ছে। এই ভর্তুকি বা বলেছেন, বর্তমান সরকার কৃষি প্রণোদনা দেয়ার ফলে দেশে দ্রুত

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে কৃষি বিভাগ দুর্বার গতিতে এগিয়ে যাচ্ছে



মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন প্রধান অতিথি কৃষিবিদ মোঃ বেনজীর আলম মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

কৃষিবান্ধব সরকার কৃষকের উন্নয়নের জন্য নানা পদক্ষেপ গ্রহণ করেছেন উল্লেখ করে মহাপরিচালক বলেন কৃষিকে আধুনিকায়ন করতে আমরা কৃষি যান্ত্রিকীকরণের কর্মসূচি গ্রহণ করেছি। মাননীয় কৃষিমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী নতুন কৃষি উদ্যোক্তা তৈরির মাধ্যমে বাণিজ্যিক কৃষি কার্যক্রমে এগিয়ে চলছে। তিনি বোরো মৌসুমে

সার ব্যবহারে কৃষকদের প্রতি বিশেষ নির্দেশনাসহ স্ব স্ব উদ্যোগে কৃষকের পাশে থাকতে উপস্থিত কৃষি কর্মকর্তাদের প্রতি দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলের জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। মোঃ নেওয়াজ শরীফ, কৃতসা, খুলনা

শেষ পাতার পর

কৃষি যান্ত্রিকীকরণ প্রযুক্তি কৃষকের দোরগোড়ায়

সমলয় চাষাবাদের মাধ্যমে সরকার কৃষিকে আধুনিকীকরণ ও কৃষি যান্ত্রিকীকরণ প্রযুক্তি কৃষকের দোরগোড়ায় পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এসব প্রযুক্তি লাভজনক ও টেকসইভাবে প্রয়োগের ফলে দেশের জিডিপিতে ভূমিকা রেখে চলেছে। দেশের বিভিন্ন অঞ্চলে নানা ধরনের আধুনিক প্রযুক্তি ব্যবহার করে কৃষক লাভবান হচ্ছে সেসব লাভজনক প্রযুক্তি অন্যান্য কৃষকের মাঝে ছড়িয়ে দিতে হবে। কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) ওয়াহিদা আক্তার ও জানুয়ারি ২০২২ সকাল ৯টায় খুলনার

কৃষি বাস্কেব সরকারের ঐকান্তিক প্রচেষ্টার ফলে এসব অঞ্চল এখন অনেক বেশি সম্ভব। কৃষি বিজ্ঞানীদের গবেষণায় উদ্ভাবিত প্রযুক্তি ও জাতসমূহ এসব এলাকায় ফসল আবাদে নিবিড়তা বাড়িয়ে কৃষিকে লাভজনক করতে ভূমিকা রেখে চলেছে। তিনি মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রতি ইঞ্চি জমি ব্যবহার নিশ্চিত করতে উপস্থিত কৃষি মন্ত্রণালয়ীয় দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তাদের প্রতি আহবান জানান। এসময় কৃষি মন্ত্রণালয়ীয় দপ্তর ও সংস্থাসমূহের কর্মকর্তাবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসার মোঃ মমিনুর



খুলনার বটিয়াঘাটার চক্রাখালী গ্রামে হাইব্রিড জাতের বোরো ধানের সমলয় প্রদর্শনীর ট্রেতে বীজতলা পরিদর্শনকালে প্রধান অতিথি ওয়াহিদা আক্তার, অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়

বটিয়াঘাটার চক্রাখালী গ্রামে হাইব্রিড জাতের বোরো ধানের সমলয় প্রদর্শনীর ট্রেতে বীজতলা পরিদর্শনকালে এসব কথা বলেন। তিনি আরও বলেন, আমাদের কৃষি জমি দিন দিন কমে যাচ্ছে। লবণাক্ততা ও জলাবদ্ধতার কারণে একসময় দক্ষিণাঞ্চলের বিশাল এলাকা অনাবাদি পড়ে থাকতো।

রহমানসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। পরে অতিরিক্ত সচিব মহোদয় বটিয়াঘাটা গ্রামে কৃষক নিহারঞ্জন মন্ডলের পারিবারিক সবজি ও পুষ্টি বাগান, চুই এবং মিশ্রফল বাগানসহ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইন্সটিটিউটের লবণাক্ততা ব্যবস্থাপনা ও গবেষণা কেন্দ্র পরিদর্শন করেন।

কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা

বাংলাদেশে এই প্রথম লবণাক্ততা ও জলমগ্নতা

শেষ পাতার পর

সম্প্রসারণ সহজতর হবে। সংবাদ সম্মেলনে বিনার ডিজি ড. মিজা মোফাজ্জল ইসলাম, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোঃ বখতিয়ার, বাকুবির ভিসি অধ্যাপক লুৎফুল হাসান, ব্রিগ ডিজি শাহজাহান কবীর প্রমুখ উপস্থিত ছিলেন।

জানান হয়, বিনা ও বাকুবির যৌথ এ গবেষণায় বিভিন্ন মাত্রার গামা

রেডিয়েশন প্রয়োগ করে প্রায় অর্ধলক্ষাধিক মিউট্যান্ট সৃষ্টি করে তা থেকে নানামুখী পরীক্ষা-নিরীক্ষা শেষে M6 জেনারেশনে ৩ টি উন্নত মিউট্যান্ট শনাক্ত করা হয়েছে। প্রাপ্ত মিউট্যান্টগুলো প্যারেন্ট অপেক্ষা উন্নত বৈশিষ্ট্যসম্পন্ন এবং ৮ dS/m মাত্রার লবণাক্ততা ও ১৫ দিন জলমগ্নতা সহিষ্ণু।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

বরিশালে কৃষকের মাঝে নগদ অর্থসহ আইসিটি মালামাল বিতরণ



জৈবকৃষি রক্ষায় আইসিটি উপকরণসহ আর্থিক অনুদান বিতরণ করছেন মো. রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়

বরিশালে করোনা মহামারির স্বাস্থ্যঝুঁকি হ্রাস এবং জৈবকৃষি রক্ষায় আইসিটি উপকরণসহ আর্থিক অনুদান বিতরণ অনুষ্ঠিত হয়েছে। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার মিসিং মিডল ইনিশিয়েটিভ (এমএমআই) প্রকল্পের মাধ্যমে ১৭ ডিসেম্বর সকাল ১১ টায় বাবুগঞ্জ উপজেলার মধ্য রাকুদিয়া আইপিএম ক্লাবের উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রুহুল আমিন তালুকদার।

প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রুহুল আমিন তালুকদার কৃষকের উদ্দেশ্যে বলেন, আপনারা শুধু খাদ্য উৎপাদনে নিয়োজিত নন, দেশের অর্থনীতির চালিকাশক্তিও বটে। তাই আপনারদের মাধ্যমেই দেশের দরিদ্রতা দূর হবে। হবে পুষ্টির নিরাপত্তা নিশ্চিত। এ সময় তিনি জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার মিসিং মিডল ইনিশিয়েটিভ

প্রকল্পের মাধ্যমে মধ্য রাকুদিয়া আইপিএম ক্লাবে ১৬ লক্ষ ৮০ হাজার টাকার অনুদান ও কৃষি কাজে তথ্য সংগ্রহের জন্য ল্যাপটপ, প্রিন্টার ও একটি ট্যাব প্রদান করেন। জানা যায়, বাবুগঞ্জের মধ্য রাকুদিয়া গ্রামে নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে আইপিএম ক্লাবে ১১৫ জন্য নারী ও ৫৩ জন্য পুরুষের সমন্বয়ে মোট ১৬৮ জন সদস্য নিরাপদ ফসল উৎপাদন এবং বাজারজাতকরণের মাধ্যমে তাদের কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক মো. তাওফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথি ছিলেন সাবেক অতিরিক্ত সচিব ও এফএও সিনিয়র অ্যাডভাইজার মো. মাহমুদ হোসেন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. হারুন-অ-রশিদ ও কৃষি মন্ত্রণালয়ের উপসচিব এস এম ইমরুল হাসান। নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল

ফসলের জাতের জন্য বিদেশ নির্ভরতা কমাতে

শেষ পাতার পর

জানতে পারে, বুঝতে পারে তাদের অর্থ দিয়ে কী কাজ হয়েছে, কতটুকু কাজ হয়েছে। সভায় জানানো হয়, চলমান ২০২১-২২ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন প্রকল্পের সংখ্যা ৭০টি। মোট বরাদ্দ ২ হাজার ৯১৮ কোটি টাকা। নভেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি হয়েছে ২৪%, যা জাতীয় গড় অগ্রগতির চেয়ে ৫% বেশি। এ সময়ে জাতীয় গড়

অগ্রগতি হয়েছে ১৮.৬০%। সভাটি সঞ্চালনা করেন কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম। সভায় মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. মোঃ আবদুর রৌফ, কমলারঞ্জন দাশ, মোঃ হাসানুজ্জামান কল্লোল, ওয়াহিদা আক্তার, বলাই কৃষ্ণ হাজারা, আব্দুল্লাহ সাজ্জাদ এনডিভিসি, অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তা, সংস্থাপ্রধান ও প্রকল্প পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



বরিশালে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কর্মকর্তাদের সাথে অতিরিক্ত সচিবের মতবিনিময়

১৮ ডিসেম্বর ২০২১ নগরীর খামারবাড়িতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) উদ্যোগে বরিশালে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কর্মকর্তাদের সাথে অতিরিক্ত সচিবের মতবিনিময় সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (পিপিসি উইং) ড. মো. রুহুল আমিন তালুকদার। ডিএই'র অতিরিক্ত পরিচালক মো. তাওফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে

বিশেষ অতিথি ছিলেন সাবেক অতিরিক্ত সচিব ও এফএও'র সিনিয়র অ্যাডভাইজার মো. মাহমুদ হোসেন, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ হুদয়েশ্বর দত্ত, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন, মুক্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. ছাব্বির হোসেন এবং উপসচিব এস এম ইমরুল হাসান। নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল

এসডিজি বিষয়ক দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত

কৃষি তথ্য সার্ভিসের উদ্যোগে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক দিনব্যাপী কর্মশালা ২৭ ডিসেম্বর ২০২১ কৃষি তথ্য সার্ভিসের সদর কার্যালয়, খামারবাড়ি, ঢাকার কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় জনাব মোঃ শাহজাহান আলী বিশ্বাস, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো. রুহুল আমিন তালুকদার,

জনাব মো. মনিরুল ইসলাম, যুগ্মসচিব, (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, জনাব এস এম ইমরুল হাসান, উপসচিব (আইসি-২ অধিশাখা), কৃষি মন্ত্রণালয় ও ড. সুরজিত সাহা রায়, প্রধান তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জনাব মো. রেজাউল করিম, উপপরিচালক (গণযোগাযোগ), কৃষি তথ্য সার্ভিস। উক্ত কর্মশালায় কৃষি তথ্য সার্ভিসের



অতিরিক্ত সচিব, পিপিপি, কৃষি মন্ত্রণালয়। কর্মশালায় টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বিষয়ক তিনটি পেপার উপস্থাপন করেন

সদর কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

মো. মনজুরুল ইসলাম মিন্টু
সহকারী সম্পাদক, কৃতসা, ঢাকা

ব্রি়র ধান কাটার যন্ত্র উদ্ভাবন কৃষি যান্ত্রিকীকরণে

প্রথম পাতার পর

এ সময় তিনি বলেন, ব্রি়র বিজ্ঞানীরা নিজেরা গবেষণা করে ধান কাটার মেশিনটি উদ্ভাবন করেছে। এটি একটি অসাধারণ সাফল্য। এটির ধান কাটার ক্ষমতা তুলনামূলকভাবে বেশি, দেশের ছোট ছোট জমিতে ব্যবহারের উপযোগী। বিদেশের ইয়ানমারসহ বিভিন্ন কম্বাইন হারভেস্টারের দাম ২৫-৩০ লাখ টাকা, আর এটির খরচ পড়বে ১২-১৩ লাখ টাকা। হারভেস্ট লসও কম। ব্রি়র উদ্ভাবিত যন্ত্রটি আমরা যদি স্থানীয়ভাবে তৈরি করে সারা দেশে ব্যবহার করতে পারি, তাহলে বাংলাদেশে কৃষি যান্ত্রিকীকরণে বিপ্লব ঘটবে। কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষিকে লাভজনক করতে অনন্য ভূমিকা রাখবে।

হারভেস্টারের ইঞ্জিনটি বিদেশ থেকে আনা। অন্যান্য যন্ত্রপাতি স্থানীয়ভাবে তৈরি। এর ইঞ্জিনের ক্ষমতা ৮৭ হর্স পাওয়ার। ঘণ্টায় মেশিনটি ৩-৪ বিঘা জমির ধান কর্তন করতে পারে। জ্বালানি খরচ হয় ঘণ্টায় ৩.৫-৪ লিটার। হারভেস্টিং লস শতকরা এক ভাগের কম। আর দাম পড়বে মাত্র ১২-১৩ লাখ টাকা। খণ্ড খণ্ড জমিতেও ব্যবহার উপযোগী। বিদেশ থেকে আমদানিকৃত যেকোন কম্বাইন হারভেস্টারের তুলনায় এটি ভালো বলে জানান ব্রি়র বিজ্ঞানীরা।

এসময় কৃষি মন্ত্রণালয়ের বিদায়ী সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম, সদ্য যোগদানকৃত সচিব মোঃ সায়েদুল ইসলাম, ব্রি়র মহাপরিচালক শাহজাহান কবীর, মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থা প্রধানগণ উপস্থিত ছিলেন।

ব্রি়র বিজ্ঞানীরা জানান, তাদের উদ্ভাবিত ব্রি় হোল ফিড কম্বাইন



কৃষি তথ্য সার্ভিসের খুলনা আঞ্চলিক কার্যালয় পরিদর্শনের অংশ হিসেবে বাগেরহাটের কচুয়া উপজেলাধীন উদয়ন এআইসিসি, গোপালগঞ্জ সদরের গোবরা চারঘাটা এআইসিসি ও খুলনার ডুমুরিয়ায় পদ্মা এআইসিসি পরিদর্শন ও সদস্যদের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন কৃষি তথ্য সার্ভিসের পরিচালক কৃষিবিদ মোঃ শাহজাহান আলী বিশ্বাস (১৮ ও ১৯ ডিসেম্বর ২০২১)।

মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা

ভর্তুকি দেয়ায় দ্রুত কৃষি যান্ত্রিকীকরণ

তৃতীয় পাতার পর

কৃষি যান্ত্রিকীকরণ হচ্ছে। ৬ জানুয়ারি ২২ বৃহস্পতিবার ঢাকায় ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশের (আইইবি) সেমিনার হলে ‘কৃষিজের টেকসই উন্নয়নে বিদ্যুৎ ও জ্বালানি শাস্ত্রীয় প্রযুক্তির ব্যবহার’ শীর্ষক ০৩ দিনব্যাপী কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আইইবি ও এক্সপোনেন্ট এক্সিবিশন এ অনুষ্ঠানের আয়োজন করে।

আইইবিরর ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী মো. নূরুজ্জামানের সভাপতিত্বে কৃষি

সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বেনজীর আলম, বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক প্রকৌশলী মো: আবদুস সবুর, আইইবিরর ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী মো: হোসাইন, স্ট্রেন্ডার সদস্য সিদ্দিক খোবায়ের, আইইবিরর সম্মানী সাধারণ সম্পাদক প্রকৌশলী শাহাদৎ হোসেন, এক্সপোনেন্ট এক্সিবিশনের চেয়ারম্যান আলী রেজা প্রমুখ বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফার্ম পাওয়ার অ্যান্ড মেশিনারি বিভাগের অধ্যাপক প্রকৌশলী চয়ন কুমার সাহা।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

শারীরিক প্রতিবন্ধী ‘ভোলা’ এখন আদর্শ কৃষক

চট্টগ্রাম জেলার হাটহাজারি উপজেলার খন্দকিয়া ব্লকের কৃষক প্রবির বিশ্বাস, এলাকায় যিনি ভোলা নামে পরিচিত। শারীরিক প্রতিবন্ধকতাকে জয় করে তিনি এলাকায় অনুকরণীয় হয়ে উঠেছেন। পূর্বে তিনি এক কারখানায় শ্রমিক হিসেবে কাজ করতেন। সেখানে এক দুর্ঘটনায় একটি হাত হারানোর পাশাপাশি তিনি প্যারালাইসিসে আক্রান্ত। পরবর্তীতে জীবিকার প্রয়োজনে একহাতে তুলে নেন কোদাল। শুরু করেন বিভিন্ন জাতের সবজির আবাদ বর্তমানে তিনি প্রায় ৪ কানি (১.২০ একর) জমিতে সবজি (পালংশাক, লালশাক, কপ্লিশাক, মুলা, রাইশাক, শিম,

মিষ্টিকুমড়া ও লাউ) চাষ করেছেন। তার এ সফলতার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, উপজেলা কৃষি অফিসের প্রণোদনা এবং সহযোগিতা আমাকে উৎসাহ জোগায়। প্রতিদিন সকালে জমিতে কাজ করেন বিকেলে চট্টগ্রাম শহরের অক্সিজেন কাঁচাবাজার এলাকায় রিকশা ভ্যান করে রাত পর্যন্ত সবজি বিক্রি করেন। স্ত্রী ও দুইপুত্র সন্তান নিয়ে কৃষিকাজ করে বর্তমানে তিনি বেশ ভালো আছেন। শারীরিক প্রতিবন্ধকতা জয় করে কৃষিকাজের মাধ্যমে স্বাবলম্বী হওয়ায় এলাকায় তিনি এখন অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন।

শেখ জিয়াউর রহমান, কৃতসা, চট্টগ্রাম



নিজের সবজিক্ষেত্রে কৃষক প্রবির বিশ্বাস



শোকবার্তা

বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. সমজিৎ কুমার পাল হৃদরোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায়

৩১ ডিসেম্বর ২০২১ রাতে মৃত্যুবরণ করেন। মৃত্যু কালে তাঁর বয়স ছিল ৫৮ বছর। তাঁর প্রয়াত আত্মার চিরশান্তি কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি জানাই গভীর সমবেদনা।

প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বিভিন্ন ফসলের বীজ ও সার বিতরণ

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চাঁদপুর, হাইমচর উপজেলার উদ্যোগে ২০২১-২০২২ অর্থবছরে চলতি রবি মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে ১ ডিসেম্বর ২০২১ তারিখে উপজেলা কৃষি অফিসের প্রশিক্ষণ হলে কৃষি প্রণোদনার আওতায় বিভিন্ন ফসলের বিনামূল্যে বীজ ও সার বিতরণ অনুষ্ঠানের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ দেবব্রত সরকার, উপজেলা কৃষি অফিসার, হাইমচর, চাঁদপুর। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মোঃ হুমায়ুন প্রধানিয়া, সভাপতি, বাংলাদেশ আওয়ামী লীগ, হাইমচর উপজেলা, চাঁদপুর। এ ছাড়া আরও উপস্থিত ছিলেন গণমাধ্যম কর্মী ও হাইমচর উপজেলার বিভিন্ন স্তরের জনপ্রতিনিধিগণ।



চাঁদপুরে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে কৃষকদের মাঝে বিনামূল্যে বিভিন্ন ফসলের বীজ ও সার বিতরণ করছেন প্রধান অতিথি মোঃ নূর হোসেন পাটওয়ারী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাইমচর, চাঁদপুর

প্রণোদনা বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন এবং প্রণোদনার বীজ ও সার বিতরণ উদ্বোধন করেন মোঃ নূর হোসেন পাটওয়ারী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাইমচর, চাঁদপুর। সভাপতির বক্তব্য রাখেন চাই খোয়াইহলা চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, হাইমচর, চাঁদপুর।

উল্লেখ্য, চলতি রবি মৌসুমের জন্য ৬৩০ জন কৃষককে কৃষি প্রণোদনা প্রদান করা হয়। বোরো মৌসুমের জন্য ৭০০ জন কৃষককে উফশী ধানের বীজ ও সার প্রদান করা হয়। ২ কেজি করে বোরো হাইব্রিড ধানের বীজ ১৫০০ জন কৃষককে প্রদান করা হয়।

মো. মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা



পাবনায় পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় শীর্ষক সেমিনার

পাবনাস্থ কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়ের আয়োজনে পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় শীর্ষক দিনব্যাপী এক সেমিনার কৃষি সম্প্রসারণ বিভাগের প্রশিক্ষণ হলের ২১ ডিসেম্বর ২০২১ সকাল ১০টায় অনুষ্ঠিত হয়। জেলার কৃষি সম্প্রসারণ বিভাগের উপপরিচালক কৃষিবিদ মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঈশ্বরদীস্থ কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধ্যক্ষ কৃষিবিদ মাসুদুর রহমান। প্রধান অতিথি বক্তব্যে পরিবর্তিত জলবায়ুতে কৃষিতে করণীয় বিষয়ে কৃষি বিভাগের গৃহীত নানা কর্মসূচির এবং কৃষি বিভাগের গৃহীত পদক্ষেপগুলি তুলে ধরেন। পরে মুক্ত আলোচনায় অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ মোঃ আব্দুল লতিফ এবং কৃষি তথ্য সার্ভিসের আঞ্চলিক কৃষি তথ্য ও যোগাযোগ

বিশেষজ্ঞ কৃষিবিদ প্রশান্ত কুমার সরকার পাওয়ার পয়েন্টের মাধ্যমে পরিবর্তিত জলবায়ুতে কৃষির বিরূপ বিষয়গুলো তুলে ধরেন এবং সেই সাথে সমাধানের বিষয়গুলোও উপস্থাপন করেন।

আলোচনায় অংশ নেন ঈশ্বরদীস্থ কৃষি গবেষণা প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ড. আরিফ হোসেন, মৃত্তিকা সম্পদ উন্নয়ন প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষিবিদ ড. ফারুক হোসেন এবং জাতীয় পদকপ্রাপ্ত কৃষক আলহাজ্ব শাহজাহান আলী বাদশাহ প্রমুখ। সেমিনারে কৃষি সম্প্রসারণ বিভাগ, কৃষি তথ্য সার্ভিস, কৃষি গবেষণা প্রতিষ্ঠান, মৃত্তিকা সম্পদ উন্নয়ন প্রতিষ্ঠান, পারমাণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান, বিএডিসি, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাসহ পাঁচজন বঙ্গবন্ধু পদকপ্রাপ্ত কৃষক উপস্থিত ছিলেন।

আশিষ তরফদার, কৃতসা, পাবনা

মাননীয় প্রধানমন্ত্রীর কল্যাণে সারা বিশ্ব

তৃতীয় পাতার পর

আমরা উন্নত সমৃদ্ধশালী বাংলাদেশে পরিণত হবো। সর্বক্ষেত্রে উৎপাদন বাড়িয়ে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নে এগিয়ে আসতে তিনি উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

এর আগে অতিরিক্ত সচিব জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে পুষ্পার্ঘ অর্পণ করেন ও পরে ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প বারি অংগ ও ডিএইর প্রদর্শনী মাঠ ও মাঠদিবসে যোগান করেন।

কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা

কেউ না খেয়ে থাকে না, এটিই ৫০ বছরের

প্রথম পাতার পর

মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, স্বাধীনতার পরপরই বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষির উন্নয়ন ও খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের জন্য যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেন। দেশে কৃষি বিপ্লবের সূচনা করেন। সেই ভিত্তির উপর ভর করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতি গ্রহণ ও বাস্তবায়নের ফলেই কৃষিতে আজকে বিস্ময়কর সাফল্য অর্জিত হয়েছে। স্বাধীনতার পর বাংলাদেশকে তলাবিহীন বুড়ি বলা হয়েছিল, বলা হয়েছিল বাংলাদেশ স্বাধীন দেশ হিসেবে টিকে থাকবে না বা থাকলেও চিরদিন পরনির্ভরশীল হয়ে থাকবে, তা আজ ভুল প্রমাণিত হয়েছে। এটিই সবচেয়ে বড় সাফল্য। সাবেক সংস্কৃতি বিষয়ক মন্ত্রী ও বরেন্দ্র সাংস্কৃতিক ব্যক্তিত্ব আসাদুজ্জামান নূর

এমপি বলেন, আমি মঙ্গা এলাকার মানুষ। দেখেছি ২০০৪ সালেও মঙ্গা এলাকায় মানুষ না খেয়ে মারা গেছে। আজ সেই এলাকায় মঙ্গা নেই, মঙ্গা শব্দটিও উচ্চারিত হয় না। ভবিষ্যতে এটি শুধু অভিধানে পাওয়া যাবে। এটি প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সাফল্য।

অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ মেসবাহুল ইসলাম এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি এএইচএম শামছদ্দিন চৌধুরী মানিক। স্বাগত বক্তব্য দেন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ওয়াহিদা আক্তার। আলোচনা সভা শেষে সৈয়দ শামসুল হক রচিত মুক্তিযুদ্ধ বিষয়ক নাটক 'পায়ের আওয়াজ পাওয়া যায়' মঞ্চস্থ হয়।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়

কৃষি ও খাদ্য নিরাপত্তা শীর্ষক সপ্তম ডি-৮

প্রথম পাতার পর

কর্মকর্তাদের মিটিংয়ে সভাপতিত্ব করেন কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম। তিনি বলেন, জলবায়ু পরিবর্তন বর্তমানে কৃষি উৎপাদনের ক্ষেত্রে বড় হুমকি। জলবায়ু পরিবর্তন ফসলের উৎপাদন, স্বাস্থ্য ও উৎপাদনশীলতায় বিরূপ প্রভাব ফেলছে। এ পরিস্থিতিতে, খাদ্য উৎপাদন ব্যবস্থা টেকসই রাখতে হলে ক্লাইমেট স্মার্ট প্রযুক্তির উদ্ভাবন ও প্রয়োগ বাড়াতে হবে। এ মিটিংয়ের মাধ্যমে আমরা ডি-৮ভুক্ত দেশে ব্যবহৃত ক্লাইমেট স্মার্ট প্রযুক্তি সম্পর্কে জানতে পারব। একই সাথে তা বিনিময়যোগ্য প্রযুক্তি চিহ্নিতকরণ ও বিনিময়ে সহায়ক হবে।


সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রুহুল আমিন তালুকদার, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান শেখ মোঃ বখতিয়ার, জোটের সদস্য

মিসর, ইন্দোনেশিয়া, ইরান, মালয়েশিয়া, নাইজেরিয়া, পাকিস্তান ও তুরস্কের প্রতিনিধিদলের সদস্য, এফএও, ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক, আইএফএডি, ইরি ও সিমিটের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

প্রথম দিনের সভায় ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তির উন্নয়ন : ডি-৮ সদস্য দেশসমূহে এ সংক্রান্ত সমস্যা, সম্ভাবনা ও ক্লাইমেট স্মার্ট কৃষি প্রযুক্তি হস্তান্তর/ সম্প্রসারণ বিষয়ে আলোচনা হয় এবং 'ঢাকা ইনিশিয়েটিভ' এর খসড়া চূড়ান্ত করা হয়।

উল্লেখ্য, ১৩ জানুয়ারি বৃহস্পতিবারের সভায় ডি-৮ দেশসমূহের কৃষি ও খাদ্যমন্ত্রী মহোদয় কৃষিক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি বিষয়ে বক্তব্য রাখেন এবং 'ঢাকা ঘোষণা' অনুমোদন করেন।

প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়



ফসলের জাতের জন্য বিদেশ নির্ভরতা কমাতে হবে : মাননীয় কৃষিমন্ত্রী

দেশে চাষোপযোগী ফসল বিশেষ করে ফলের জাত দেশেই বেশি করে উদ্ভাবন করে আমদানি নির্ভরতা কমিয়ে আনতে বিজ্ঞানী-গবেষকদের নির্দেশনা দিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, ফসলের জাতের ক্ষেত্রে বিদেশনির্ভরতা ও আমদানি নির্ভরতা কমাতে হবে। আমাদের দেশের চাষোপযোগী জাত আমাদের বিজ্ঞানীদেরকেই করতে হবে। বিশেষ করে ফলের জাত উদ্ভাবনে বিজ্ঞানী-গবেষকদের আরও সক্রিয়

হতে হবে, নিবিড়ভাবে কাজ করতে হবে। ৩০ ডিসেম্বর ২০২১ সকালে সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। প্রকল্প পরিচালকদের উদ্দেশে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, সরকারি টাকা হলো জনগণের টাকা। জনগণের অর্থে প্রকল্প পরিচালিত হয়। সেজন্য, অত্যন্ত স্বচ্ছতার সাথে অর্থ ব্যয় করতে হবে। যাতে জনগণ

এরপর পৃষ্ঠা ৪ কলাম ৩



কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে এডিপি বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

বাংলাদেশে এই প্রথম লবণাক্ততা ও জলমগ্নতা সহিষ্ণু ধানের পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স উন্মোচন



ময়মনসিংহে বিনায় সংবাদ সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

দেশে প্রথমবারের মতো লবণাক্ততা ও জলমগ্নতা সহিষ্ণু ধানের পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স উন্মোচন করেছে বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা। এর ফলে লবণাক্ততা ও জলমগ্নতা সহিষ্ণু ধান গবেষণায় নতুন দিগন্তের সূচনা হবে বলে সংবাদ সম্মেলনে জানান হয়। মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি ২৩ ডিসেম্বর ২০২১ ময়মনসিংহে বিনায় এ সংবাদ

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশের ২ মিলিয়ন হেক্টর জমি লবণাক্ত, যেখানে বছরে ১ টি ফসল হয়। খাদ্য নিরাপত্তা টেকসই করতে ও ভবিষ্যতে খাদ্যের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে আমরা লবণাক্ত, হাওরসহ প্রতিকূল এলাকায় বছরে ২-৩ টি ফসল উৎপাদনে গুরুত্ব দিচ্ছি। পূর্ণাঙ্গ জিনোম উন্মোচনের ফলে লবণাক্ততা ও জলমগ্নতা সহিষ্ণু জাতের ধান উদ্ভাবন ও

এরপর পৃষ্ঠা ৪ কলাম ১



কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত নতুন সচিব জনাব মো. সায়েদুল ইসলাম ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন (২ জানুয়ারি ২০২২)।

বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে কৃষি বিভাগ দুর্বীর গতিতে এগিয়ে যাচ্ছে -মহাপরিচালক, ডিএই

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক কৃষিবিদ মোঃ বেনজীর আলম বলেছেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিকনির্দেশনায় বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে কৃষি বিভাগ দুর্বীর গতিতে এগিয়ে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী আমাদের স্বপ্ন দেখিয়েছেন ২০৪১ সালের মধ্যে আমরা উন্নত সমৃদ্ধশালী দেশে

পরিণত হবো। একদিন অবশ্যই আমাদের পরিবর্তন ঘটবে এবং আমরা কাজক্ষিত লক্ষ্যে পৌছাতে সক্ষম হবো। তিনি ৭ জানুয়ারি ২০২২ দুপুরে মাদারীপুর হটিকালচার সেন্টারে প্রশিক্ষণ হলরুমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ফরিদপুর অঞ্চল আয়োজিত কৃষি বিভাগীয় কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় এসব কথা বলেন।

এরপর পৃষ্ঠা ৩ কলাম ১